

দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়
ঢাকা
প্রেস বিজ্ঞপ্তি

স্মারক নং-দুদক/জনসংযোগ/

তারিখ: ২৮/০৩/২০১৬ খ্রি:

বিষয় : দুদক মিডিয়া অ্যাওয়ার্ড প্রদান অনুষ্ঠান।


'দেশ প্রেমের শপথ দিন, দুর্নীতিকে বিদায় দিন' এ প্রতিপাদ্যকে সামনে রেখে শুরু হওয়া দুর্নীতি প্রতিরোধ সপ্তাহ-২০১৬ এর তৃতীয় দিনে আজ দুর্নীতি দমন কমিশনের প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষে দুর্নীতিবিরোধী অনুসন্ধানী ও প্রতিরোধ কার্যক্রমের ওপর প্রণীত সৃজনশীল প্রতিবেদনের ওপর ভিত্তি করে দুদক কর্তৃক প্রবর্তিত 'দুদক মিডিয়া অ্যাওয়ার্ড' বিজয়ী ৫ জন সাংবাদিককে পুরস্কার হিসাবে নগদ অর্থ, ক্রেস্ট ও সার্টিফিকেট প্রদান করেন কমিশনের মাননীয় চেয়ারম্যান ইকবাল মাহমুদ।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে দুদক চেয়ারম্যান ইকবাল মাহমুদ বলেন, সংবাদপত্র ও সাংবাদিকতা হচ্ছে গণতন্ত্রের জন্য অপরিহার্য। আজকের অনুষ্ঠানে অনেক বক্তাই বলেছেন সরফের ভিতরেই ভূত আছে। আমিও অস্বীকার করছি। এ ভূত আমি তাড়াবোই-তবে এক্ষেত্রে গণমাধ্যমের সহযোগিতা চাই। তিনি বলেন, অনেকেই দুর্নীতি দমন কমিশনকে ক্ষমতাহীন বলেন, আমি তা স্বীকার করি না। দুদকের ক্ষমতা বা শক্তি পর্যাপ্ত রয়েছে কিন্তু এই শক্তির সঠিক ব্যবহার হচ্ছে না। সাংবাদিকগণের উদ্দেশ্যে তিনি বলেন, দুদক মামলা দায়ের করলে চার্জশীট হবে-আপনাদের এই বক্তব্যের সাথে আমিও একমত। আমি আপনাদের আশ্রয় করতে পারি আইনী কঠামোর মধ্য থেকে যে সকল মামলা হবে এবং তদন্তে যদি অভিযোগ প্রমাণের পর্যাপ্ত দালিলিক প্রমাণাদি পাওয়া যায় তবে অবশ্যই চার্জশীট দেওয়া হবে।

তিনি আরও বলেন দুদক শুধু দুর্নীতি দমনের জন্য নয়, দুর্নীতি প্রতিরোধই হচ্ছে এর প্রধান কাজ। আমরা দুর্নীতি প্রতিরোধে কৌশলপত্র তৈরী করবো। এই কৌশলপত্রে স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনা থাকবে। আমার মূল লক্ষ্য হচ্ছে নতুন প্রজন্মের মধ্যে মূল্যবোধ পৌঁছে দেওয়া। গণমাধ্যমের উদ্দেশ্যে তিনি বলেন আপনারা আমাদের সমালোচনা করেন, আপনাদের সমালোচনা আমাদেরকে পরিতৃপ্ত করবে। তবে সমালোচনা হতে হবে বন্ধুনিষ্ঠ। যে কাজের ম্যাডেট নিয়ে এসেছি তা করতে চাই-ব্যর্থ হয়ে যেতে চাই না।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন দুদক মিডিয়া অ্যাওয়ার্ড জুরি বোর্ডের সভাপতি ও দৈনিক সমকাল পত্রিকার সম্পাদক গোলাম সারওয়ার, দুদক মিডিয়া অ্যাওয়ার্ড জুরি বোর্ডের সদস্য যথাক্রমে একুশে টেলিভিশনের প্রধান নির্বাহী মনজুরুল আহসান বুলবুল ও পিআইবি'র মহাপরিচালক শাহ আলমগীর, দুদকের মহাপরিচালক ড. মো: শামসুল আরেফিন, প্রিন্ট মিডিয়া ক্যাটাগরিতে বিজয়ী হকিকত জাহান হকি, ইলেক্ট্রনিক মিডিয়া ক্যাটাগরিতে বিজয়ী মো: বদরুদ্দোজা বাবু প্রমুখ।

এবারের দুদক মিডিয়া অ্যাওয়ার্ড-এ ইলেক্ট্রনিক মিডিয়া ক্যাটাগরিতে প্রথম পুরস্কার পেয়েছেন জনাব মো: বদরুদ্দোজা বাবু, ডেপুটি চীফ রিপোর্টার মাছরাঙা টেলিভিশন, দ্বিতীয় পুরস্কার পেয়েছেন মুরছালিন হক জুনায়েদ, স্টাফ করেসপন্ডেন্ট, চ্যানেল ২৪ এবং তৃতীয় পুরস্কার পেয়েছেন ফখরুল ইসলাম, স্টাফ রিপোর্টার, আর টিভি। প্রিন্ট মিডিয়া ক্যাটাগরিতে প্রথম পুরস্কার পেয়েছেন জনাব হকিকত জাহান হকি, সিনিয়র রিপোর্টার, দৈনিক সমকাল, দ্বিতীয় পুরস্কার পেয়েছেন জনাব নূর আহমদ, স্টাফ রিপোর্টার, দৈনিক সিলেটের ডাক, সিলেট।



২৮/৩/১৬
(প্রণব কুমার/ভর্তাচার্য্য)

উপপরিচালক

ও

জনসংযোগ কর্মকর্তা